

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৫৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি কর্তৃক সৎ ব্যক্তিদের ভালবাসা ঐ ব্যক্তিকে তাদের সাথে জান্নাতে পৌঁছে দিবে, যদিও সে ব্যক্তি আমলে তাদের সমপর্যায়ভূক্ত নয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مَحَبَّةَ الْمَرْءِ الصَّالِحِينَ وَإِنْ كَانَ مُقَصِّرًا فِي اللُّحُوقِ بِأَعْمَالِهِمْ يَبْلُغُهُ فِي الْجَنَّةِ أَنْ يَكُونَ مَعَهُمْ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا شَيْبَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ الْمُغِيرَةِ قَالَ: حَدَّثَنَا حُمَيْدُ بْنُ هِلَالٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِتِ عَنْ أَبِي ذَرِّ أَنَّهُ قَالَ: يَا رَسُولَ اللَّهِ الرَّجُلُ يُحِبُّ الْقَوْمَ وَلَا يَسْتَطِيعُ أَنْ يَعْمَلَ كَعَمَلِهِمْ؟ قَالَ: (إِنَّكَ يَا أَبَا ذَرِّ مَعَ مَنْ أَجببُت) مَنْ أَحْبَبْتَ) قَالَ: فَإِنِّي أُحِبُّ اللَّهَ وَرَسُولَهُ قَالَ: (أَنْتَ يَا أَبَا ذَرِّ مَعَ مَنْ أَحببت.) الراوي: أَبُو ذَرِّ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 557 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৫৭. আবু যার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, একজন ব্যক্তি একটি কওমকে ভালবাসেন, কিন্তু তিনি তাদের মতো আমল করতে পারেন না।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "হে আবু যার রাদিয়াল্লাহু আনহু, তুমি যাদের ভালবাসো, তাদের সাথেই থাকবে।" আবু যার রাদিয়াল্লাহু আনহু বলেন, "আমি আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ভালবাসি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "হে আবু যার রাদিয়াল্লাহু আনহু, তুমি যাদের ভালবাসো, তাদের সাথেই থাকবে।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১৫৬; আবু দাউদ: ৫১২৬; দারেমী: ২/৩২১; আদাবুল মুফরাদ: ৩৫১; আত তায়ালিসী:



৫৩; সহীহ মুসলিম: ২৬৪০; সহীহ আল বুখারী: ৬১৬৯; বাযযার: ৩৫৯৬; মাজমা'উয যাওয়াইদ: ১০/২৮০।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৪/৫০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন